"মুজিববর্ষের আহ্বান
দক্ষ হয়ে বিদেশ যান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
নিউ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-০১

নং-৪৯.০০.০০০০.০৪৩.১১.০৫৭.২০১৯-২২৮

তারিখ ঃ ১৮-১১-২০২১ খ্রিঃ

# পরিপত্র

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, কর্মসংস্থান ভিসা নিয়ে ইউরোপের বিভিন্ন দেশ যেমন- রোমানিয়া, পোল্যান্ড ও সার্বিয়ায় বাংলাদেশি কর্মীরা গমন করেছেন। একজন বিদেশগমণকারী কর্মীর মানবাধিকার ও শ্রম-অধিকার সুরক্ষার পাশাপাশি তিনি যেন চাকুরির সকল শর্ত মেনে চলেন এবং গন্তব্য দেশের সকল আইন কানুন মেনে চলেন তা নিশ্চিত করার জন্য কাজ করছে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। চুক্তি বহির্ভূত কর্মে নিয়োজিত হলে কিংবা গন্তব্য দেশের আইন-বিধির পরিপন্থী কাজে সম্পৃক্ত হলে একজন প্রবাসী কর্মী একদিকে যেমন নিজে বিপদগ্রস্ত হন তেমনি তিনি দেশের বৃহত্তর বৈদেশিক কর্মসংস্থানের সুযোগকে বিঘ্নিত করেন।

২। বর্ণিত অবস্থায়, রোমানিয়া, ক্রোয়েশিয়া, পোল্যান্ড, সার্বিয়া, আলবেনিয়া ও উজবেকিস্তানে সংশ্লিষ্ট বাংলাদেশ দূতাবাস কর্তৃক সত্যায়িত ডিমান্ড লেটার এবং ওয়ার্ক ভিসার বিপরীতে ইমিগ্রেশন ক্লিয়ারেন্স বা স্মার্ট কার্ড পাওয়ার পূর্বে মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) বরাবরে প্রত্যেক বিদেশগামী কর্মীকে, বিদ্যমান তথ্য ও দলিলের অতিরিক্ত হিসেবে ৩০০(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে যে, তিনি তাঁর কর্ম নিয়ে যথাযথভাবে অবহিত হয়েছেন, বিবেচ্য কর্ম গ্রহণ বা চুক্তি সম্পাদনের ক্ষেত্রে তিনি কোন ব্যক্তির দ্বারা অবৈধভাবে প্ররোচিত হননি কিংবা কোনো অবৈধ লেনদেন করেননি। এ বিষয়ে দেশের এবং গন্তব্য দেশের বিদ্যমান সকল আইন/বিধি যথাযথভাবে প্রতিপালন করবেন; উক্ত প্রতিপালনে তার পক্ষ থেকে কোনো ব্যত্যয় হলে তিনি 'বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩' এবং প্রযোজ্য সংশ্লিষ্ট আইনের আওতায় দায়ী থাকবেন।

(১) অঙ্গীকারনামায় নিম্নলিখিত ২ জন সাক্ষীর স্বাক্ষর থাকতে হবে:-

(ক) উক্ত কর্মীর পিতা/মাতা বা স্বামী বা স্ত্রী । উক্ত সাক্ষীর নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর ও মোবাইল ফোন নম্বর সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

(খ) কর্মীর নিজ ইউনিয়ন/ পৌরসভার চেয়ারম্যান/মেয়র বা সদস্য/কাউন্সেলর, এই সাক্ষীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জনপ্রতিনিধির নামীয় সীল এবং মোবাইল নম্বর সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

৩। বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ এর ধারা ৪৭ এ প্রদত্ত ক্ষমতাবলে এই আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

১৮/১১/২০২১

(সুষমা সুলতানা)
উপসচিব
ফোন ঃ ০২-৪১০৩০২৪২
ই-মেইলঃ dsemployment1@probashi.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। রাষ্ট্রদূত/হাইকমিশনার/কনস্যুলেট জেনারেল,বাংলাদেশ,দূতাবাস,রোমানিয়া/সার্বিয়া/পোল্যান্ড/ক্রোয়েশিয়া/ইতালি/জার্মানি/নেদারল্যান্ড/আলবেনিয়া/গ্রীস/ উজবেকিস্তান।
০২। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০।
০৩। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৮। সভাপতি/প্রশাসক, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিস (বায়রা), ঢাকা।
০৯। অতিরিক্ত সচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১০। অফিস কপি।

স্ট্যাম্প

(কর্মীর সত্যায়িত ছবি)

কর্মীর স্বাক্ষর

## বিদেশগামী কর্মীর অঙ্গীকারনামা

আমি ----------------------------------------পিতাঃ ----------------------------------------------

মাতাঃ-----------------------------------স্ত্রী/স্বামীঃ ------------------------------------------------

গ্রামঃ ----------------------------------------------পোঃ -------------------------------------------------

ইউনিয়নঃ------------------------------উপজেলা/থানাঃ------------------------------------------

জেলাঃ -----------------------------------এনআইডি/জন্মনিবন্ধন নম্বর-------------------------------

পাসপোর্ট নম্বর-----------------------------মোবাইল/হোয়াটস্ এ্যাপ নাম্বার-----------------------------

ই-মেইল (যদি থাকে)------------------------- ।

চাকুরির ভিসায় (দেশের নাম------------------) গমন করিতে ইচ্ছুক। আমার চাকুরির পদ ও অন্যান্য শর্তাবলী নিম্নরূপঃ

০১। নিয়োগকর্তার নাম, ঠিকানা ও বিস্তারিত তথ্য :

০২। পদ/পেশার নাম :

কর্মীর স্বাক্ষর

এই অঙ্গীকারনামায় প্রদত্ত অঙ্গীকারের কোনো ব্যত্যয় করিলে আমি বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ এবং প্রয়োজ্য সংশ্লিষ্ট আইনের আওতায় দায়ী থাকিব। আমি স্বেচ্ছায়, স্বজ্ঞানে, সুস্থ মস্তিষ্কে এবং কারো দ্বারা প্ররোচিত না হইয়া পিতা/মাতা/স্ত্রী/স্বামী (প্রযোজ্যমত) এর সম্মুখে এ অঙ্গীকারনামায় স্বাক্ষর করিলাম। আমার অঙ্গীকার সম্পাদনের বিষয়ে স্থানীয় জনপ্রতিনিধিও সাক্ষী থাকিলেন।

সাক্ষীদ্বয়ের স্বাক্ষরঃ

(স্বাক্ষর ও তারিখ )

কর্মীর পিতা/মাতা/স্বামী/স্ত্রী/অভিভাবক (স্বাক্ষরকারীর নাম)ঃ-----------------------------------------

পিতার নামঃ------------------------------------------------------গ্রামঃ ---------------------------

পোঃ --------------------------------ইউনিয়নঃ---------------------------------------------

উপজেলা/থানাঃ-------------------------------------------------জেলাঃ --------------------------------

জাতীয় পরিচয়পত্র নম্বর ঃ --------------------------মোবাইল/হোয়াটস্ এ্যাপ নম্বরঃ--------------------

ই-মেইল (যদি থাকে)---------------------------------------------------------------------------

<u>স্থানীয় জনপ্রতিনিধির স্বাক্ষর ও সীল ঃ জনপ্রতিনিধির</u> নাম ও সিল ঃ ---------------------------------

জাতীয় পরিচয় পত্র নম্বর---------------------------------------------------------------------

পিতার নামঃ---------------------------------------------------গ্রামঃ ------------------------------

পোঃ ----------------------------------- ইউনিয়ন/পৌরসভাঃ------------------------------------------

উপজেলা/থানাঃ----------------------------------জেলাঃ ------------------------------------

জাতীয় পরিচয় পত্র নম্বর--------------------------মোবাইল/হোয়াটস্ এ্যাপ নম্বরঃ---------------------

ইমেইল (যদি থাকে)--------------------------------

বিদেশগামী কর্মীর স্বাক্ষরঃ
তারিখঃ

০৩। বেতন ভাতা (মাসিক) :

০৪। আহার ও বাসস্থান খরচ বহনকারী :

০৫। চাকরির চুক্তির মেয়াদ :

০৬। ভিসার নম্বর ও তারিখ :

০৭। ভিসার ধরন ও সত্যায়ন বিষয়ক তথ্য :

০৮। অভিবাসন ব্যয় :

০৯। রিক্রুটিং এজেন্সির নাম, আরএল নম্বর ও যোগাযোগের ঠিকানা :

কর্মীর স্বাক্ষর

আমি বর্ণিত শর্তাবলী জানিয়া বুঝিয়া এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, (দেশের নাম--------------) এর সকল নিয়ম-কানুন এবং সামাজিক রীতি-নীতি সম্পর্কে সম্যক অবগত হইয়া (রিক্রুটিং এজেন্সী নাম এবং আর এল নম্বর------------) এর মাধ্যমে/নিজে বিএমইটি হইতে বর্হির্গমন ছাড়পত্র গ্রহণপূর্বক চাকুরী/কাজের জন্য (দেশের নাম------------) গমন করিতেছি। এই কর্মসংস্থানের ক্ষেত্রে জ্ঞানত আমি কোনো ব্যক্তির দ্বারা অবৈধভাবে প্ররোচিত হইনি কিংবা অবৈধ লেনদেনে লিপ্ত হই নাই। আমি আরও অঙ্গীকার করিতেছি যে, এই কর্মসংস্থানের সকল বিষয়ে আমি দেশের এবং গন্তব্য দেশের সকল বিদ্যমান আইন/বিধি যথাযথভাবে প্রতিপালনে বদ্ধ পরিকর থাকিব; গন্তব্য দেশে যাওয়ার পর আমি চুক্তি মোতাবেক কাজ করিব এবং কোনরূপ ব্যত্যয় করিব না এবং চুক্তি বহির্ভূতভাবে অন্য কোনো নিয়োগকারী বা অন্য কোন দেশে গমনের চেষ্টা করিব না।

চলমান পাতা-০৩